ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

| | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | |

১১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
www.betar.gov.bd

নং- ১৫.৫৩.০০০০.০০০.০১৬.০৬.০০০১.২৫. ৪৬৫

তারিখ : মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারি ২০২৬

বিষয় ঃ বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার নিরাপত্তা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ রুবাইয়াত শামীম চৌধুরী, পরিচালক (প্রশাসন ও অর্থ) বাংলাদেশ বেতার।
স্থান : পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের দপ্তর কক্ষ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
সময় : ২২ জানুয়ারি ২০২৬ খ্রিঃ রোজ বৃহস্পতিবার, বেলা ১১:০০ ঘটিকা।
সভায় অংশগ্রহণকারী : পরিশিষ্ট-ক।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা) সভায় বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার নিরাপত্তা বিষয়ে উপস্থিত সকলকে অবগত করেন। আলোচনা সভায় উপস্থিত সকল কর্মকর্তা ও কর্মচারীগণের আলোচনার আলোকে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার নিরাপত্তা সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তরের প্রধান ফটকে ব্যাগ স্ক্যানার মেশিন, আর্চওয়েসহ আগত ব্যক্তি/ অতিথিদের সাথে থাকা ব্যাগ তল্লাশির বিষয়ে আলোচনা হয়। | ১. ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সমনে রেখে বাংলাদেশ বেতার, সদর দপ্তরে আগত ব্যক্তি/ অতিথিদের সাথে থাকা ব্যাগ, হ্যান্ড মেটাল ডিটেক্টর দিয়ে যথাযথভাবে তল্লাশির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্রের অব্যবহৃত নতুন ব্যাগ স্ক্যানার মেশিন ও আর্চওয়ে আন্তঃকেন্দ্র বদলির মাধ্যমে বাংলাদেশ বেতার, সদর দপ্তরে নিয়ে আসার সিদ্ধান্ত হওয়ায় ইতোমধ্যে আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সিলেটকে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে আঞ্চলিক প্রকৌশলী, সিলেট লজিস্টিক সাপোর্ট-এর জন্য মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ করে। প্রেক্ষিতে, উক্ত কাজটি সদর দপ্তরের অধীন সংরক্ষণ অনুবিভাগ এর মাধ্যমে জরুরি ভিত্তিতে বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র থেকে বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকায় আনার বিষয়ে সিদ্ধান্ত হয়। | সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অণুবিভাগ, উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা) ও নিরাপত্তা কর্মকর্তা |
| ০২. | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার নিরাপত্তা প্রহরী স্বল্পতা সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার নিরাপত্তা প্রহরী স্বল্পতা সংক্রান্ত আলোচনা হয়। | বাংলাদেশ বেতার, সদর দপ্তরে দায়িত্বরত নিরাপত্তা প্রহরীদের মধ্য থেকে ইতোমধ্যে ০১ (এক) জন অন্য দপ্তরে বদলী হয়েছেন, ০১ (এক) জন অবসর গ্রহণ করেছেন এবং আগামী মে-২৬ সালে আরো একজন অবসরে যাবেন। উক্ত আলোচনায় নিরাপত্তা প্রহরী পদায়নের বিষয়ে সিদ্ধান্ত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৩. | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ওয়াচ টাওয়ার সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ওয়াচ টাওয়ার সংক্রান্ত আলোচনা হয়। | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার পশ্চিম পার্শ্বের সীমানা প্রাচীরের মধ্যভাগে নির্মাণাধীন ওয়াচ টাওয়ারটির অসম্পূর্ণ কাজ সদর দপ্তরের আওতাধীন সংরক্ষণ অনুবিভাগ এর মাধ্যমে দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অণুবিভাগ, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৪ | গেইট পাস সীমিতকরণ সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, আগারগাঁও চত্বরে গেইট পাস সীমিতকরণ সংক্রান্ত আলোচনা হয়। | চলমান পরিস্থিতিতে আগত অতিথির সাথে রিসেপশনে সাক্ষাৎ করা। একান্ত অপরিহার্য না হলে গেইট পাস ইস্যু থেকে বিরত থাকা। বিশেষ প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/পালা প্রধান কর্তৃক স্বাক্ষরিত গেইট পাশের মাধ্যমে আগত অতিথি দপ্তরের অভ্যন্তরে প্রবেশ করতে পারবেন। | গেইট পাস ইস্যুকারী কর্মকর্তাগণ ও নিরাপত্তা কর্মকর্তা |

চলমান পাতা-০২

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৫. | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার দাপ্তরিক পরিচয়পত্র ব্যবহার সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তরের দাপ্তরিক পরিচয়পত্র ব্যবহার সংক্রান্ত আলোচনা আলোচনা হয়। | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা চত্বরের অভ্যন্তরে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের দপ্তরে প্রবেশকালে দাপ্তরিক পরিচয়পত্র প্রদর্শন এবং দপ্তরে অবস্থানকালীন সময়ে অবশ্যই দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে।<br>উল্লেখ্য, যদি কোন কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক পরিচয়পত্র না থাকে সেক্ষেত্রে দ্রুততার সাথে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক বরাবর আবেদন করে দাপ্তরিক পরিচয় পত্র সংগ্রহের বিষয়ে সিদ্ধান্ত হয়। | অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা) ও নিরাপত্তা কর্মকর্তা |
| ০৬. | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার সীমানা প্রাচীরের সাথে পশ্চিম পার্শ্বে সড়কের উপর স্তুপ করে রাখা গাছের গুঁড়ি অপসারণ সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার সীমানা প্রাচীরের সাথে পশ্চিম পাশে স্তুপ করে রাখা গাছের গুঁড়ি অপসারণ সংক্রান্ত আলোচনা হয়। | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার সীমানা প্রাচীরের সাথে পশ্চিম পার্শ্বে সড়কের উপর বট গাছের গুঁড়িটি দীর্ঘদিন ধরে রাস্তার উপর স্তুপ করে রাখা হয়েছে, যার ফলে উক্ত স্থানে যানবাহন চলাচল বিঘ্নিত হচ্ছে। প্রেক্ষিতে জরুরি ভিত্তিতে প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বরাবর গাছের গুঁড়িটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা) |
| ০৭. | আগত গাড়ি তল্লাশি সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতারের আগত গাড়ি তল্লাশি সংক্রান্ত আলোচনা হয়। | ১) আগামী জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে বিশেষ নিরাপত্তা জোরদারের স্বার্থে বাংলাদেশ বেতারের অভ্যন্তরে আগত গাড়িসমূহের ব্যাকডালা খুলে তল্লাশি করার সিদ্ধান্ত হয়।<br>২) সকল গাড়ি ও মোটর সাইকেল নম্বরসহ দপ্তরে প্রবেশ ও বাহিরের সময় আবশ্যিকভাবে এন্ট্রি নিশ্চিত করা। | উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা)ও নিরাপত্তা কর্মকর্তা |
| ০৮. | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার দক্ষিণ পাশে সীমানা প্রাচীরের উপরে কাঁটা তারের বেড়া নির্মাণ সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার দক্ষিণ পাশে সীমানা প্রাচীরের উপরে কাঁটা তারের বেড়া নির্মাণ সংক্রান্ত আলোচনা হয়। | সুষ্ঠু নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার দক্ষিণ পার্শ্বে সীমানা প্রাচীরের উপরে কাঁটা তারের বেড়া নির্মাণের বিষয়ে গণপূর্ত বিভাগের সহযোগিতায় প্রাক্কলন সংগ্রহ করে কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।। | প্রধান প্রকৌশলী ও সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অণুবিভাগ |
| ০৯. | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার অভ্যন্তরে ফায়ার হাইড্রেন্ট ব্যবহার সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার অভ্যন্তরে ফায়ার হাইড্রেন্ট ব্যবহার সংক্রান্ত আলোচনা হয়। | বাংলাদেশ বেতার, কারিগরি কার্যের অধীনে, দপ্তরের অভ্যন্তরে ফায়ার হাইড্রেন্ট ও স্মোক ডিটেক্টর যথাযথভাবে ব্যবহার সংক্রান্ত বিষয়ে একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কারিগরি কার্য ও উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১০ | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার সীমানা প্রাচীরের সাথে পশ্চিম ও উত্তর পার্শ্বে গড়ে উঠা অবৈধ স্থাপনা উচ্ছেদ সংক্রান্ত আলোচনা | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার সীমানা প্রাচীরের সাথে পশ্চিম ও উত্তর পার্শ্বে গড়ে উঠা অবৈধ স্থাপনা উচ্ছেদ সংক্রান্ত আলোচনা হয়। | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার সীমানা প্রাচীরের সাথে পশ্চিম ও উত্তর পার্শ্বে গড়ে উঠা অবৈধ ও ভাসমান দোকান সমূহ কেপিআই প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ হওয়ায় জরুরি ভিত্তিতে উচ্ছেদের বিষয়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতার জন্য পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উল্লেখ্য, ইতোমধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ভারপ্রাপ্তড় কর্মকর্তা, শের-ই-বাংলা নগর থানা বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) |

১০/০২/২৬

মোঃ রুবাইয়াত শামীম চৌধুরী
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে
ফোন ঃ ০২-৪৪৮১৩০৭১

নং- ১৫.৫৩.০০০০.০০০.০১৬.০৬.০০০১.২৫. ৪৬৫

তারিখ : মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৩. উপ- মহাপরিচালক (অনুষ্ঠান-১/২ ও বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা।
৫. পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৬. পরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৭. সিনিয়র প্রকৌশলী, গবেষনা ও গ্রহন কেন্দ্র, বাংলাদেশ বেতার, শেরে বাংলা নগর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৮. সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন/ পরিকল্পনা শাখা/সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৯. পরিচালক, অনুষ্ঠান/লিয়াঁজো/শিক্ষা/সংগীত/বাণিজ্যিক কার্যক্রম/কৃষি বিষয়ক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম/ জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টিসেল, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১০. অতিরিক্ত পরিচালক, (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১১. স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১২. আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১৩. উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১৪. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. উপ-আঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১৬. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৭. দপ্তর কপি।

১০/০২/২০২৬

সৈয়দ জাহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)